গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২৭.১০.২০২৪ খ্রি

# ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ সিলেট-এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলামী শিক্ষা, সমাজবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, ও গণিত বিষয়ে আগামী ২৭.১০.২০২৪ তারিখ হতে ০৩.১১.২০২৪ পর্যন্ত সকাল ১০.০০ টা থেকে দুপুর ১২.৩০ টা পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) ভর্তির কার্যক্রম চলবে।
পরীক্ষা চলাকালীন ১.০০ টার পর শিক্ষার্থী/অভিভাবক কলেজে প্রবেশ করতে পারবে না বিধায় উক্ত সময়ের পূর্বেই ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

***ভর্তি সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও তফশীল নিম্নে প্রদত্ত হলো :***

*১। ভর্তির যোগ্যতা :*
জাতীয় বিশ্ববিদ্যালয়ের রিলিজস্লিপ মেধা তালিকা অনুযায়ী সিলেট মুরারিচাঁদ কলেজে বিভিন্ন বিষয়ে মনোনয়নপ্রাপ্ত আবেদনকারীরা প্রিলিমিনারি টু মাস্টার্স কোর্সে ভর্তি হতে পারবে।

২। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১: ভর্তির জন্য মনোনীত আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের website (www.nu.ac.bd/admissions) থেকে ফরম ডাউনলোড করে (০২ সেট ফটোকপিসহ) স্বাক্ষর করতে হবে।

ধাপ-২ : ভর্তি ফিস:

- এম.এ/এম.এস.এস কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৪,৭২০/-.অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৪,৭২৫/- ।
- এম.এস-সি কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৪,৯২০/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৪,৯২৫/- "ই-শিক্ষার" মাধ্যমে আগামী ২৭.১০.২০২৪ তারিখ সকাল ১০.০০ টা থেকে ০৩.১১.২০২৪ তারিখের মধ্যে টাকা জমা দিয়ে টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে ফরমের সাথে যুক্ত করতে হবে এবং ফরমে উপরে সচল মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।

কলেজের ভর্তির ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com** *ওয়েব এড্রেসে প্রবেশ করে* প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি বিকাশ/নগদ এ প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

***অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-***

- কলেজের ভর্তির ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com** *এ গিয়ে নিম্নোক্ত* **User Name** ও **Password** *দিয়ে* ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
- **User Name: mcstudent, Password: mcstudent** দিয়ে **Sign In** করতে হবে।

- এরপর **Admission** এ ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।
- **Select Masters Department** এবং **Enter Admission Roll (7 Digit** *জাতীয় বিশ্ববিদ্যালয় রেজাল্টে* **Admission Roll** *আছে* **)** ঘর দুটি পূর্ণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে **Save** বাটন ক্লিক করলে টাকার পরিমাণসহ ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফি প্রদান করে **Application Form Reprint** অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ২ কপি প্রিন্ট করে ১ কপি নিজ বিভাগে জমা দিতে হবে এবং অন্যকপি নিজের সংগ্রহে রাখতে হবে।

৩। প্রয়োজনীয় কাগজপত্র (বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে ০১ সেট এবং ফটোকপি ০১ সেট সংযুক্ত করতে হবে):
ক) ডিগ্রী (পাস)/ স্নাতক পাশের রেজিস্ট্রেশন কার্ড এবং নম্বরপত্রের ফটোকপি ;
খ) দ্বৈত ভর্তি নেই এই মর্মে প্রার্থীর অঙ্গিকারনামার ফটোকপি;
গ) বিশ্ববিদ্যালয়ের ফরমের মূল কপির নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি এবং অন্যান্য সেটে ০১ কপি করে ছবি সংযুক্ত করতে হবে; অতিরিক্ত ০২ কপি ছবি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।
ঘ) সমতা নিরূপণ ও মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
ঙ) পাঠবিরতি সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
চ) মুক্তিযোদ্ধার সন্তান /আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধি কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ প্রদর্শন সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে।

বি:দ্র: ভর্তির সময় অবশ্যই সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। অসম্পূর্ণ/ভূল/ মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪। সংশ্লিষ্ট বিভাগ চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত স্নাতক (পাস), স্নাতক (সম্মান) পরীক্ষা রোল, প্রাপ্ত নম্বর /জিপিএ ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সাথে মিলিয়ে দেখতে হবে।

৫। বিভাগসমূহ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা আগামী সফ্ট কপি ০৩.১১.২০২৪ তারিখ ই-মেইলে (admission.mccollege1892@gmail.com) প্রেরণ করতে হবে এবং আগামী ০৪.১১.২০২৪ তারিখ দুপুর ১.৩০ ঘটিকার মধ্যে চুড়ান্ত ভর্তির তালিকার ***হার্ডকপি*** অফিসের কম্পিউটার শাখায় প্রেরণ করতে হবে। ***বিষয়টি অতীব জরুরী।***

| |
|---|
| উল্লেখ্য যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের পিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে রিলিজস্লিপ মেধা তালিকা স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রমে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাবে অবশ্যই ৩১ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারনে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |

❖ রিলিজস্লিপ মেধা তালিকার ফলাফল প্রত্যেক বিভাগে ই-মেইলে প্রেরণ করা হয়েছে । বিভাগীয় প্রধানগণ প্রদত্ত ফলাফল ই-মেইল থেকে ডাউনলোড করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

[signature] 29.10.2024

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট